



গার্হস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা বিশ্ববিদ্যালয়
২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণিতে
ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত একটি সরকারী (গার্হস্থ্য অর্থনীতি কলেজ, আজিমপুর) এবং চারটি বেসরকারি (১) বাংলাদেশ গার্হস্থ্য অর্থনীতি কলেজ, ১৪৬/৪ গ্রীন রোড, ঢাকা, (২) ন্যাশনাল কলেজ অব হোম ইকোনমিক্স, ৮/৫-এ, ব্লক-সি, লালমাটিয়া, ঢাকা, (৩) ময়মনসিংহ গার্হস্থ্য অর্থনীতি কলেজ, ৫৩, বাউন্ডারী রোড, ময়মনসিংহ এবং (৪) আকিজ কলেজ অব হোম ইকোনমিক্স, বাড়ি-১১৮, রোড, ৯/এ, ধানমন্ডি, ঢাকা) গার্হস্থ্য অর্থনীতি কলেজসমূহে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তির জন্য শুধুমাত্র মেয়ে শিক্ষার্থীদের নিকট থেকে ০১ সেপ্টেম্বর ২০১৯ হতে ১৫ অক্টোবর ২০১৯ রাত ১২:০০টার মধ্যে অনলাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আবেদন ফিস ৫০০/- টাকা।

আবেদনকারী ২০১৪ সাল থেকে ২০১৭ সাল পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং শুধুমাত্র ২০১৯ সালের বাংলাদেশের যে কোন শিক্ষাবোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/কারিগরি শিক্ষাবোর্ড/মাদ্রাসা বোর্ড/এ-লেভেল বা সমমানের বিদেশি ডিগ্রিধারী প্রার্থী দরখাস্ত করতে পারবে। প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক/সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ দ্বয়ের যোগফল ন্যূনতম ৫.০ হতে হবে। তবে কোনো পরীক্ষায় জিপিএ ২.৫ এর কম হলে আবেদন করা যাবে না। ভর্তি পরীক্ষা আগামী ০৮ নভেম্বর ২০১৯ তারিখ শুক্রবার সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার সময় ১ ঘন্টা, নম্বর ১২০, পাশ নম্বর ৪৮ এবং পরীক্ষা MCQ পদ্ধতিতে হবে।

মুক্তিযোদ্ধার সন্তান (নাতি-নাতনীসহ), উপজাতি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধি (দৃষ্টি, বাক, শ্রবণ ও শারীরিক) ভর্তি পরীক্ষায় পাশ করা সাপেক্ষে প্রচলিত নিয়ম অনুযায়ী কোটায় ভর্তি হওয়ার সুযোগ পাবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইটে (<http://admission.eis.du.ac.bd>) ভর্তির সাধারণ নিয়মাবলী ও ভর্তির নির্দেশিকা পাওয়া যাবে।

অধ্যাপক ড. মো: ইমদাদুল হক

ডিন, জীববিজ্ঞান অনুষদ

এবং সমন্বয়কারী

গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি পরীক্ষা: ২০১৯-২০২০

ঢাকা বিশ্ববিদ্যালয়